

নং-৪৩.০০.০০০০.১১৩.০৮.০৩৭.১৬- ১৬৮

০: জ্যৈষ্ঠ ১৪২৪


১৫ মে ২০১৭

অফিস আদেশ

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জেলা সরকারি গণগ্রন্থাগার, দিনাজপুর এর লাইব্রেরিয়ান জনাব মোঃ নূরুল ইসলাম এর জন্ম তারিখ ০৭.০৬.১৯৫৮ খ্রি। সে হিসেবে ০৬.০৬.২০১৭ তারিখ তাঁর বয়স ৫৯ বছর পূর্ণ হবে। গণকর্মচারী (অবসর) আইন ১৯৭৪ এর ৪নং ধারা এবং অর্থ বিভাগের ০৬.০৪.২০১০ তারিখে অম/অবি/প্রবি-১/চঃবি-৩/২০১০(অংশ-৩)/৬২ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী ০৬.০৬.২০১৭ তারিখ থেকে তাঁকে অবসর প্রদান করা হলো এবং ০৭.০৬.২০১৭ তারিখ থেকে ০৬.০৬.২০১৮ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণগড় বেতনে অবসর উত্তর ছুটি (Post Retirement Leave) মঞ্জুর করা হলো।

০২। নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর অবসর উত্তর ছুটির ১(ক) ও (খ), ২ এবং ৩ বিধি এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ১৫ ডিসেম্বর ২০১৫ তারিখে জারিকৃত বাংলাদেশ গেজেট এর অনুচ্ছেদ ১০ এর (২) (ক) (৩) (জাতীয় বেতনস্কেল ২০১৫) অনুযায়ী তাঁর অর্জিত ছুটির প্রাপ্যতা অনুযায়ী ১৮ (আঠার) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ নগদায়ন ভাতা হিসেবে মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি মোতাবেক অবসর এবং অবসর উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।



(টি এম মুছা তালুকদার)
সহকারী সচিব
ফোন: ৯৫৭২১৯০

নং-৪৩.০০.০০০০.১১৩.০৮.০৩৭.১৬ . ১৬৮

তারিখ: ১৫ মে ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
২. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা (পরবর্তী গেজেট প্রকাশের অনুরোধসহ)।
৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ সেগুনবাগিচা, ঢাকা।
৪. হিসাবরক্ষণ কর্মকর্তা ও ডি.ডি.ও, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, দিনাজপুর।
৮. জনাব মোঃ নূরুল ইসলাম, লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, দিনাজপুর।
৯. সহকারী প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. অতিরিক্ত সচিব (সংযুক্ত) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(টি এম মুছা তালুকদার)
সহকারী সচিব